

## বোয়েসেল-এর উত্তম চর্চা বিষয়ক তথ্য:

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন একটি রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি যা ১৯৮৪ সালে কোম্পানি আইনের অধীনে প্রতিষ্ঠা করা হয়।

### রূপকল্প:

নৈতিকতার সাথে নিরাপদ ও স্বল্পব্যয়ে বৈদেশিক নিয়োগ।

### অভিলক্ষ্য:

নৈতিক, নিরাপদ ও স্বল্পব্যয়ে অভিবাসন নিশ্চিতের মাধ্যমে অভিবাসন ব্যবস্থাপনায় দক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করা।

### বোয়েসেল-এর উত্তম চর্চাসমূহ:

- ❖ আর্থিক লেনদেনের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে বোয়েসেলের মাধ্যমে বিদেশগামী কর্মীদের সার্ভিস চার্জ নগদ গ্রহণ না করে পেঅর্ডার এর মাধ্যমে গ্রহণ করা হয়।
- ❖ বিদেশগামী কর্মীদের জন্য “ সেবা ডেস্ক “ স্থাপন করে সেবা গ্রহিতাদের দ্রুততম ও যথাসময়ে সেবা দেয়া হচ্ছে।
- ❖ বিদেশগামী কর্মীদের বিশুদ্ধ পানি সরবরাহের জন্য পানির ফিল্টার স্থাপন করা হয়েছে।
- ❖ বোয়েসেল-এর কার্যক্রম সিসিটিভির মাধ্যমে প্রত্যহ মনিটর করা হচ্ছে।
- ❖ বোয়েসেল-এর কার্যক্রম ডিজিটাল ডিসপ্লোবোর্ডের মাধ্যমে নিয়মিত প্রকাশ করা হচ্ছে।
- ❖ বোয়েসেল-এর সেবাগ্রহিতা ও অংশীজনের সাথে গণশুনানি কার্যক্রম অব্যাহত আছে।
- ❖ বিদেশগামী কর্মীদের জন্য পৃথক টয়লেটের ব্যবস্থা করা হয়েছে এবং নিয়মিত টয়লেট পরিষ্কার করা হয়।
- ❖ বৈদেশিক নিয়োগ বিষয়ে মোবাইল অ্যাপস চালু করা হয়েছে।
- ❖ বিদেশগামীদের সচেতনতার জন্য BTV/ Youtube এ TVC প্রচার করা হচ্ছে।
- ❖ দক্ষিণ কোরিয়া গমনেচ্ছুদের জন্য অত্যাধুনিক অনলাইন রেজিস্ট্রেশন সিস্টেম চালু করা হয়েছে।
- ❖ বোয়েসেল-এর মাধ্যমে দেশের দক্ষ নারী কর্মীরা স্বল্প/বিনা খরচে চাকুরি নিয়ে বিদেশে গমন করছেন।
- ❖ বোয়েসেল-এর কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ প্রদান।
- ❖ বিদেশগামী কর্মীদের সচেতনতা বৃদ্ধি ও আচরণগত বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- ❖ বিদেশগামী কর্মীদের নিকট প্রয়োজনীয় তথ্য প্রেরণে এস.এম.এস গেটওয়ে সেবা চালু করা হয়েছে।
- ❖ সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করা হয়।
- ❖ ডিজিটাল হাজিরা নিশ্চিত করা হয়েছে।
- ❖ বিদেশ ফেরতদের Entrepreneur হওয়ার জন্য উৎসাহ প্রদান করা হচ্ছে।

*Mohammad Alam Hossain*

২৫.০৭.২০২০

Mohammad Alam Hossain  
Deputy General Manager  
(Business Promotion)  
BOESL